



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৭০.০১৯.২৩০.১৪-১১৭৩

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯
১৬ অক্টোবর ২০২২


বিষয়: জনাব এমদাদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র যোগদানপত্র বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক গ্রহণ।

- সূত্র: (১) এ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৯.২৩০.১৪.২৭০, তারিখ: ১০ এপ্রিল ২০২২ খ্রি.;
(২) এ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭১.২৫.০১৩.১৪(অংশ-১).২১৬, তারিখ: ১১ এপ্রিল ২০২২ খ্রি.;
(৩) জনাব এমদাদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী-এর আবেদন, তারিখ: ২৫ এপ্রিল ২০২২ খ্রি.;
(৪) জনাব এমদাদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী-এর আবেদন, তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে এ বিভাগের সূত্রোক্ত ১নং স্মারকে বদলীর আদেশ অনুযায়ী জনাব এমদাদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী গত ২৫ এপ্রিল ২০২২ তারিখে বরিশাল সিটি কর্পোরেশনে যোগদানপত্র দাখিল করেন। পরবর্তীতে তিনি এ বিভাগ হতে সূত্রোক্ত ২নং স্মারকে বহিঃবাংলাদেশ ছুটির অনুমতি গ্রহণ করে যুক্তরাষ্ট্র গমন করেন। তিনি গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে দেশে ফেরত আসেন এবং গত ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে বরিশাল সিটি কর্পোরেশনে সশরীরে উপস্থিত হয়ে তার ২৫ এপ্রিল ২০২২ তারিখে দাখিলকৃত যোগদানপত্রটি গ্রহণ করার জন্য অনুরোধ করেন। বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক তার যোগদানপত্রটি গ্রহণ না করায় বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ৩নং আবেদনে এ বিভাগে অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতাবস্থায়, জনাব এমদাদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র যোগদানপত্রটি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে যোগদানপত্র গ্রহণের পর তার অসুস্থতা সম্পর্কিত ছুটির বিষয়ে বিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


২৭.১০.২০২২

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।

অনুলিপি জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জনাব এমদাদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী।
- ৬। মেয়রের একান্ত সচিব, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
- ৭। অফিস কপি